
সংবাদ

তারিখ 25 AUG 2009
১৩ ১

# ১২৮টি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের প্রস্তুতি শুরু

গত ১৭ আগস্ট বিসিসি কর্তৃক বাস্তবায়নাধীন "৬৪টি জেলায় ১২৮টি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন" শীর্ষক প্রকল্পের জন্য নির্বাচিত সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান এবং সহকারী প্রোগ্রামারদের



অবহিতকরণ সভা ও সহকারী প্রোগ্রামারদের তিন দিন ব্যাপী ফিস ব্যবস্থাপনা কোর্সের উদ্বোধন গা হয়। অনুষ্ঠানে ২৪টি ‌বিদ্যালয় ও ২২টি বিদ্যালয়ের ধানসহ ৫৬জন সহকারী গ্রামার উপস্থিত ছিলেন। মিনারে প্রধান অতিথি ছিলেন বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব একেএম আবদুল আউয়াল মজুমদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিসি'র কার্যনির্বাহী পরিচালক মো. মাহফুজুর রহমান।

প্রতিমন্ত্রী আগত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও সহকারী প্রোগ্রামারদের "ডিজিটাল বাংলাদেশ" গড়ার প্রত্যয়ে এক হয়ে কাজ করার আহ্বান জানান। তিনি আইসিটি শিক্ষার গুরুত্ব তুলে ধরেন এবং আইসিটি শিক্ষা প্রসারে শিক্ষকদের অগ্রণী ভূমিকা পালনের অনুরোধ জানান।

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব একেএম আবদুল আউয়াল মজুমদার শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপনকৃত কম্পিউটার ল্যাবগুলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকল্পে সকলের জন্য প্রয়োজনে ১৮ ঘণ্টা উন্মুক্ত রাখার প্রস্তাব করেন। এর ফলে ল্যাবগুলো তথ্য প্রযুক্তি জ্ঞান সম্পন্ন মানবসম্পদ উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করতে পারে বলে আশা প্রকাশ করেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের উদ্দেশে তিনি স্থাপনকৃত ল্যাবে তথ্য প্রযুক্তি বিষয়ে অন্যান্য পাঠ্য বিষয়ের ন্যায় রুটিন মাফিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার পরামর্শ দেন।

"ভিশন ২০২১ : ডিজিটাল বাংলাদেশ" গঠনের প্রত্যয়ে তথ্য প্রযুক্তি জ্ঞানসম্পন্ন মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে তিন মাসের উপযোগী একটি কোর্স কন্টেন্ট প্রণয়ন এবং তদনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম আরম্ভ করতে উপস্থিত সব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামারদের নির্দেশনা প্রদান করা হয়।

তথ্যপ্রযুক্তি প্রতিবেদক